447

দৈনিক জনকণ্ঠ

তারিখ JUN 9 1999
পৃষ্ঠা 2 কলাম 7

## ঢাবি'র রেজিস্টার্ড গ্রাজুয়েটদের নতুন করে ভোটার আইডি কার্ড গ্রহণের সুযোগ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্টার্ড গ্রাজুয়েটদের নতুন করে ভোটার আইডি কার্ড গ্রহণের সুযোগ দেয়া হয়েছে। ডাকযোগে ভোটার আইডি কার্ড পাঠানোর পর যে সকল রেজিস্টার গ্রাজুয়েটদের কার্ড ফেরত এসেছে তারা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ২০৭ নম্বর কক্ষ থেকে কার্ড সংগ্রহ করতে পারবেন।

যাঁরা আগামী ১০ জুনের মধ্যে প্রকৃত আইডি কার্ড পাবেন না তারা ১১ জুন থেকে ১৬ জুন পর্যন্ত দু'কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও ১০ টাকা ফী দিয়ে ডুপ্লিকেট পরিচয়পত্র সংগ্রহ করতে পারবেন।

### আগামীকাল দশটি কেন্দ্রে নির্বাচন

আগামীকাল ১০ জুন দেশের ১৫টি কেন্দ্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিলেটে রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠিত হবে। কেন্দ্রসমূহ হচ্ছে ভাওয়াল বদরে আলম কলেজ, গাজীপুর নরসিংদী সরকারী কলেজ, সরকারী তোলারাম কলেজ নারায়ণগঞ্জ; সরকারী দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ সরকারী হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ; সরকারী আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ, সরকারী গৌরিপুর কলেজ (গৌরিপুর); ময়মনসিংহ, সরকারী কুমুদিনী কলেজ টাঙ্গাইল সরকারী গুরুদয়াল কলেজ, কিশোরগঞ্জ সরকারী অশোক মাহমুদ কলেজ, জামালপুর নেত্রকোনা সরকারী কলেজ, নেত্রকোনা; সরকারী রাজেন্দ্র কলেজ, ফরিদপুর; রাজবাড়ী সরকারী কলেজ রাজবাড়ী, শরিয়তপুর সরকারী কলেজ শরিয়তপুর, সরকারী নাজিম উদ্দিন কলেজ, মাদারীপুর।